Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১লা বৈশাখ বুধবার ১৩৬১ ইংরাজী 14th April. 1954 | ৪৬শ সংখ্যা

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৶০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।


সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

অরবিন্দ এণ্ড কোং
মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



উজ্জ্বল ঘরের তরে…
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
— C. P. SERVICE

সাফল্য ও সমৃদ্ধির পথে
বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

নূতন বীমা
১৬,৩৮,৭৯,২৯৮৲

| | |
|---|---|
| মোট চল্‌তি বীমা | ৮৬,৭১,৮৫,০৪০৲ |
| মোট সম্পত্তি | ২২,৪৯,৮৩,০৫৬৲ |
| বীমা ও বিবিধ তহবিল | ১৯,৭৭,৭৬,২৮৭৲ |
| প্রিমিয়ামের আয় | ৩,৯৪,২২,৩৭১৲ |
| দাবী শোধ (১৯৫২) | ৮৮,৮২,২৭১৲ |

হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।
হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

শুভ ১লা বৈশাখ বুধবার সন ১৩৬১ সাল

# পুরাতন বর্ষ-বিদায় নববর্ষ-আবাহন

আজ সন ১৩৬১ সালের ১লা বৈশাখ। আজ সূর্য্যোদয়ের পূর্ব্বে সন ১৩৬০ সাল যেন ১৩৬১ সালকে সমস্ত হিসাব নিকাশ দিয়া চিরতরে মহাকালের ক্রোড়ে স্থান লাভ করিয়া অসীমত্ব প্রাপ্ত হইল। কাল-স্রোতের বিরাম নাই। শ্রীশঙ্করাচার্য্য বলিয়াছেন—

দিন যামিন্যৌ সায়ং প্রাতঃ
শিশির নিদাঘৌ পুনরায়াতঃ।
কালঃ ক্রীড়তি গচ্ছত্যায়ু
স্তদপি ন মুঞ্চত্যাশা বায়ুঃ॥

অর্থ—দিবা, রাত্রি, সন্ধ্যা, প্রাতঃকাল, শীত, গ্রীষ্ম যাইতেছে এবং পুনরায় আসিতেছে। কাল এইভাবে খেলা করিতেছে। আমাদের আয়ুঃ এইভাবে চলিয়া যাইতেছে কিন্তু আমাদের আশাবায়ু তবুও ছাড়িয়া যায় না। সুখ আশা করিয়া সুখ পাওয়া গেল না, তবুও সুখের আশা আমরা ছাড়িতে পারি না।

প্রত্যেক বৎসরই ১লা বৈশাখ নূতন বৎসর আসিয়া থাকে। বৎসরের নূতন পঞ্জিকা বাজারে বাহির হইবামাত্র যাঁহারা পঞ্জিকা দেখিতে জানেন, দেখেন কে রাজা অর্থাৎ কোন্ গ্রহ রাজার ফল প্রদান করিবে এবং কে মন্ত্রী অর্থাৎ কোন্ গ্রহ মন্ত্রীর ফল প্রদান করিবে। ১লা বৈশাখ আসিবার বহু পূর্ব্ব হইতেই আশা করা যায় যে এবার রাজার ফল ভাল আছে, মন্ত্রীর ফলও মন্দ নয়। আগামী বৎসর ভালই হইবে। "কাকস্য পরিবেদনা"! আমরা স্বাধীনতার আগমনের পর হইতেই যে স্বাদ-হীনতা উপভোগ করিতেছি, তাহা আর কাহাকে বলিব! গ্রহ-রাজা বা গ্রহ-মন্ত্রীর ফলাফল দূরের কথা, মানুষ রাজ্যে মানুষ মন্ত্রীগণ দেশের সুখ দুঃখের বিধাতা। তাঁহাদের বিধান অনুসারে বাঁচিয়া থাকিবার প্রধান উপকরণ খাদ্যের যে পরিণতি হইয়াছে, তাহা বলাই বাহুল্য। লজ্জা নিবারণের বস্ত্র লোকের ক্রয়শক্তির বাহিরে।

আমরা বাঙালী বাঙলার অধিবাসিবৃন্দ ভারতের যে অংশে যুগযুগান্তর ধরিয়া বাস করিতেছি, যখন পরাধীন ছিলাম, তখন ইংরাজের অধীনস্থ বেতনভোগী লেখক ও কবিগণ বাঙলা দেশকে সুজলা, সুফলা, মলয়জশীতলা, শস্যশ্যামলা বলিয়া বর্ণনা করিয়া সারাভারতের মুক্তিমন্ত্র—বন্দেমাতরম্ সকলের কর্ণে প্রদান করিয়া গিয়াছেন। কবি গাহিয়াছেন—

"এমন দেশটি কোথাও খুঁজে
পাবেনাকো তুমি।
সকল দেশের রাণী সে যে
আমার জন্মভূমি॥"

মিথ্যা কথা নয়, দেশের অবস্থা ছিল ঠিক তাই। স্বাধীনতা আমদানী হইবার সঙ্গে সঙ্গে বাঙলা দ্বিখণ্ডিতা হইল। পূর্ব্বাংশের নাম হইল পাকীস্থান আর পশ্চিমাংশের নাম হইল পশ্চিম বাঙলা। দুই অংশেরই অধিবাসীরা স্বাধীন হইয়া এমনি স্বাধীনতাই পাইল, যে উভয় অংশের বাঙালীরা অবাঙালীর হাতে সব দিকে নাজেহাল হইতে লাগিল। প্রায় দুই বৎসর হইল পশ্চিম বাঙলার শাসক নির্ব্বাচন হইয়া গিয়াছে। ৭টী রাজমন্ত্রী কাৎ হইয়া পড়িলেও তাদের গোটা দুই সর্দ্দার মন্ত্রীর কৃপায় ও কায়দায় হৃতপদ পুনঃপ্রাপ্ত হইয়া খাদ্য পরিধেয়ের দুর্দ্দশা সমানভাবে রাখিতে সমর্থ হইয়া বাঙালীর দুর্দ্দশার অবসান হইতে দিল না। পাঁজির মন্ত্র বদলাইলে কি হইবে, রাজ্যের মন্ত্রী বদ থাকিয়াই গেল।

কবি অতুলপ্রসাদ সেন একদিন কাতরকণ্ঠে গাহিয়াছিলেন—

"ভারত-ভানু কোথা লুকালে?
পুনঃ উদিবে কবে পূরব ভালে?
হা রে বিধাতা! সে দেব-কান্তি
কালের গর্ভে কেন ডুবালে?

আছে অযোধ্যা—কোথা সে রাঘব!
আছে কুরুক্ষেত্র—কোথা সে পাণ্ডব!
আছে নৈরঞ্জনা—কোথা সে মুক্তি!
আছে নবদ্বীপ—কোথা সে ভক্তি!
আছে তপোবন—কোথা সে তপোধন!
কোথা সে কালা কালিন্দী-কূলে!

পুরুষ অবরুদ্ধ আপন দেশে;
নারী অবরুদ্ধা নিজ নিবাসে,
কোথা সে বীরেন্দ্র স্বর দানধারি;
কোথা সে বিদুষী তাপসী নারী;
সিংহের দেশে বিচরিছে শিবা,
বীর্য্য বিড়ম্বিত খল-কোলাহলে!

নানক, গৌরাঙ্গ, শাক্যের জাতি,
নাহিক সাম্য, ভেদে আত্মঘাতী,
ধর্ম্মের বেশে বিহরে অধর্ম্মী!
কোথা সে ত্যাগী, প্রেমী ও কর্ম্মী!
কোথা সে জাতি যাহারে বিশ্ব
পূজিত কালের প্রভাত কালে!"

কবির প্রার্থনানুযায়ী সব না ফলিলেও আজ বাঙলার পূর্ব্বাকাশে ভানু বাঙালীর লাঞ্ছনার অন্ধকার দূর করার মত কিরণ দান আরম্ভ করিয়াছেন বলিয়া মনে হয়। আজ বাঙলা মায়ের বিরাশী বৎসরের বৃদ্ধ সন্তান জনাব ফজলুল হক বাঙালীপীড়ক মোস্লেম লীগ দলকে বিতাড়িত করিয়া বাঙলার পূর্ব্বাকাশে নূতন ভানুর কিরণ বিকীরণের শুভ সুযোগ আনিয়া দিয়াছেন। কবি অতুলপ্রসাদের "আ মরি বাঙলা ভাষা" গানের সার্থকতা সম্পাদনের শুভ সংকল্প গ্রহণ করিতে আরম্ভ করিয়াছেন এই বৃদ্ধ বাঙালী-সন্তান সদলবলে। পশ্চিম বাঙলাও মানভূমের বাঙালীপীড়ন ও বাঙলা ভাষার লাঞ্ছনার অবসানের জন্য যেন কিঞ্চিৎ তৎপর হইয়াছে মনে হয়। পশ্চিম বঙ্গ যদি সত্যসত্যই বাঙালীর এবং বাঙলা ভাষার দুর্গতি দূর করার জন্য পূর্ব্ব বঙ্গের অনুকরণে সফলকাম হইবার আন্তরিক প্রয়াস পায় তবে গত বর্ষকে আমরা সানন্দে বিদায় অভিনন্দন জ্ঞাপন করিয়া নববর্ষকে আন্তরিক আবাহন করিতেছি।

## পাথরচাপুরীতে একটী অলৌকিক ব্যাপার

# বোবার মুখে কথা

—০—

পাথরচাপুরী হইতে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ যে সদ্য সমাপ্ত পাথরচাপুরীর দাতা সাহেবের মেলায় একটী বোবা লোকের মুখে কথা ফুটিয়াছে।

সংবাদের বিবরণে প্রকাশ যে সোসাইটী সার্কাস নামক একটি সার্কাস পার্টি পাথরচাপুরীর মেলায় খেলা দেখাইবার জন্য যায় এবং সেখানে খেলা দেখাইতে থাকে। ঐ দলে একটি নিম্ন শ্রেণীর বোবা লোক ছিল। সে মেলার মধ্যে একদিন নিকটবর্ত্তী একটী পুষ্করিণীতে জল আনিতে গেলে নাকি এক ফকিরের সন্ধান পায় এবং সেই তাহাকে কিছু খাইতে দেয় এবং তাহার হাতে নাকি একটী তাবিজ বাঁধিয়া দেয়। সে পরে তাহার দলে ফিরিয়া আসে এবং কথা বলিতে সুরু করে। সে যে একটী বোবা ব্যক্তি ইহাই তাহার দলের লোকজনের জানা ছিল, হঠাৎ কথা বলিতে দেখিয়া সকলে অবাক হইয়া যায়। পরে সে সমস্ত বিষয় বলিলে সেই ফকিরের অনুসন্ধান করা হয় কিন্তু ফকিরকে পাওয়া যায় না। ব্যাপারটি যাহারা জানিয়াছে তাহারাই অবাক হইয়াছে। —বীরভূমবার্ত্তা

---

## প্রাপ্ত

—০—

জঙ্গিপুর মহকুমার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত মগুলপুর গ্রামে একটী ডিষ্ট্রীক্ট বোর্ডের সর্ব্বমঙ্গলা হাসপাতাল আছে। উহা আমার পিতামহীর স্মৃতি-রক্ষার্থে প্রতিষ্ঠিত হইয়াছিল। এই হাসপাতালের প্রতি লক্ষ্য করিবার কেহ আছেন কিনা তাহা দেশ স্বাধীন হওয়ার পর হইতে বুঝিতে পারিতেছি না। স্থানীয় মহকুমা শাসক মহোদয় এই হাসপাতালের প্রেসিডেন্ট। এই হাসপাতালের প্রতি তাঁহার দৃষ্টি আকর্ষণ করিতেছি।

শ্রীহরিহর ঘোষাল, মগুলপুর।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১০ই মে ১৯৫৪

১৯৫৩ সালের ডিক্রীজারী

৫৭০ খাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং শশাঙ্ক শেখর সরকার দিং দাবি ২৩৶৩ থানা সুতী মৌজে মহেশাইল ১-৭৩ শতকের কাত ষোল আনায় ৩৮৶১০ আঃ ১০৲ খং ২৪৪৭ রায়ত স্থিতিবান।

৬০৩ খাং ডিঃ ঐ দেং মহেন্দ্রনারায়ণ সরকার দিং দাবি ২৮৷৶৩ থানা সুতী মৌজে এক কাঠিয়া ১-৩৪ শতকের কাত ৩৷৴৯ আঃ ৫৲ খং ৫১৪

৬০৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৮৷৩ মৌজাদি ঐ ৪-৩৩ শতকের কাত ৭৷৶৯ আঃ ১৫৲ খং ৫১৫

১৯৫৪ সালের ডিক্রীজারী

১০৬ খাং ডিঃ সেবাইত ও স্বয়ং পদ্মকামিনী দেবী দেং রাহেলা বিবি দাবি ৩৯৶৩ থানা সুতী মৌজে বহুতালী ৪০ শতকের কাত ৫৷৶০ আঃ ২০৲ খং ২০

১০৭ খাং ডিঃ ঐ দেং গৌরীশঙ্কর তেওয়ারী দিং দাবি ২৩৷৩ থানা সুতী মৌজে আরাজী গোড়সা ১-১১ শতকের কাত ২৷৴৫ আঃ ১০৲ খং ৬৭

১০৮ খাং ডিঃ ঐ দেং বিপ্রচরণ দাস দিং দাবি ২১৶৯ থানা সুতী মৌজে বাহাগলপুর ২-১২ শতকের কাত ২৶১২ আঃ ১০৲ খং ৪৭৬

১০৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৭৷৶৯ মৌজাদি ঐ ৭-৭৭ শতকের কাত ১৭৸০ আঃ ৫০৲ খং ৪৭৭

১১১ খাং ডিঃ ঐ দেং হাজা এলাহীবক্স বিশ্বাস দিং দাবি ২০৶১০ মৌজাদি ঐ ৯৬ শতকের কাত ১৸১১ পাই আঃ ১০৲ খং ৬৬৮

১১২ খাং ডিঃ ঐ দেং সত্যবান দাস (মোক্তার) দাবি ২২৮৶৯ মৌজাদি ঐ ১-৫৬ শতকের কাত ২৷৶৪ আঃ ১০৲ খং ২৩৪

১১৩ খাং ডিঃ দেবেন্দ্রনাথ সিংহ দিং দেং সন্তোষকুমার রায় দাবি ১৭৴৯ থানা সুতী মৌজে দফাহাট ৪৮ শতকের কাত ১৷৴০ আঃ ৫৲ খং ৪৬৯

১১৪ খাং ডিঃ ঐ দেং যদুনাথ রায় দাবি ১৩৷৶৬ মৌজাদি ঐ ৩৮ শতকের কাত ৸৶২ আঃ ৫৲ খং ৪৫৯

২৩ খাং ডিঃ বৈদ্যনাথ রায় দিং দেং মন্থান . দিং দাবি ১৯৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়া-ডাঙ্গা ৬ শতকের কাত ২৷৴৬ আঃ ৫৲ খং ২৩৫ রায়ত স্থিতিবান।

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৭ই মে ১৯৫৪

১৯৫৩ সালের ডিক্রীজারী

২৩৪ খাং ডিঃ তারাপদ রায় দেং শচীনন্দন সাহা দিং দাবি ৭০৷৶৯ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৯-৩২ শতকের কাত ৪৪৸৴৬ আঃ ১০০৲ খং ২৮৪ রায়ত মোকররী

৩১২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬২৸৩ মৌজাদি ঐ ১১-৭৯ শতকের কাত ৪৯৶৯ আঃ ৮০০৲ খং ১৯৯ ঐ স্বত্ব

১৯৫৪ সালের ডিক্রীজারী

৫১ খাং ডিঃ কমন ম্যানেজার বাবু মনোরঞ্জন সেন দেং মশলিম মণ্ডল দাবি ৩২৸৬ থানা সাগরদীঘি মৌজে হোসেনপুর ৭৯ শতকের কাত ৪৷৴০ আঃ ২০৲ খং ১৭৮ রায়ত স্থিতিবান।

৬৮ খাং ডিঃ দেবেন্দ্রনাথ সিংহ দিং দেং আলি হোসেন সেখ দাবি ৬১৸৶০ থানা সাগরদীঘি মৌজে উজলমাণিক ১-২২ শতকের কাত ৯৷৴৬ পাই আঃ ২০৲ খং ১৩৭

৬৯ খাং ডিঃ ঐ দেং মহাম্মদ ইয়াকুব হোসেন দাবি ৩৯৸৴৯ মৌজাদি ঐ ৯৭ শতকের কাত ৫৸৬ আঃ ১০৲ খং ১৩৮

৭১ খাং ডিঃ ঐ দেং আবদুল খালেক সেখ দাবি ২১৷৴৩ মৌজাদি ঐ ৩১ শতকের কাত ২৷৩ পাই আঃ ৫৲ খং ১৩৯

৭২ খাং ডিঃ ঐ দেং এসাহাক সেখ দাবি ২১৲৯ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ২৷৩ পাই আঃ ৫৲ খং ১৪৬

৭৭ খাং ডিঃ ঐ দেং এসাহাক সেখ দিং দাবি ৩৫৴১১ মৌজাদি ঐ ৬০ শতকের কাত ৪৷৬ পাই আঃ ১০৲ খং ১৩৬

৭৯ খাং ডিঃ ঐ দেং সোফিয়া খাতুন দাবি ৫২৷৩ মৌজাদি ঐ ১-৪৬ শতকের কাত ৭৷৴০ আঃ ২০৲ খং ১৪৪

৮০ থাং ডিঃ ঐ দেং রফিক আহম্মদ মণ্ডল দিং দাবি ৫০॥/০ মৌজাদি ঐ ১-০৩ শতকের কাত ৬॥৵৯ পাই আঃ ২০৲ থং ১৪১

৭০ থাং ডিঃ ঐ দেং মহম্মদ ইয়াকুব হোসেন দাবি ৩৭॥৶০ থানা সাগরদীঘি মৌজে পাটকেলডাঙ্গা ৭৩ শতকের কাত ৫।/৩ পাই আঃ ১০৲ থং ৬

৭৩ থাং ডিঃ ঐ দেং দোবিরণ বিবি দাবি ৩৮।/৯ মৌজাদি ঐ ৬৯ শতকের কাত ৫।৵৯ পাই আঃ ১০৲ থং ১০

৭৫ থাং ডিঃ ঐ দেং গোলাম রশুল সেখ দাবি ২৪৶৬ মৌজাদি ঐ ৫৩ শতকের কাত ২॥৬ পাই আঃ ১০৲ থং ৭

৭৬ থাং ডিঃ ঐ দেং গোলাম রশুল সেখ দিং দাবি ৩৮৲৪ মৌজাদি ঐ ৭৫ শতকের কাত ৫।/৩ পাই আঃ ১০৲ থং ৮

৭৪ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ চট্টোপাধ্যায় নাঃ পক্ষে অলি মাতা গায়ত্রী দেব্যা দাবি ৪৫॥৶৯ থানা সাগরদীঘি মৌজে ভাবকী ১-৪৯ শতকের কাত ৬॥/০ আঃ ২০৲ থং ১৫২

১৮ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং কুসমী মণ্ডলানী দিং দাবি ২৭॥৶৩ থানা ফরাক্কা মৌজে শ্রীমন্তপুর ৬৫ শতকের কাত ২/৯ আঃ ৯৲ থং ৪০৬ রায়ত স্থিতিবান।

৭৮ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং কালিয়া পাহাড়িয়া দিং দাবি ২৭/০ থানা ফরাক্কা মৌজে বাহাদুরপুর ১৭৮০১৫ ধুলের কাত ১৶৬ আঃ ১৫৲ থং ২৪৫

৪৫ থাং ডিঃ কৃষ্ণপ্রসন্ন ঘোষ দিং দেং হুজফা বিবি দাবি ৩১৮৵০ থানা সমসেরগঞ্জ মৌজে জয়কৃষ্ণ-পুর ১৮ শতকের কাত ৮৶৭ আঃ ৫৲ থং ২১১

৪৬ থাং ডিঃ ঐ দেং গোবিন্দলাল দাস দিং দাবি ৪৩।/৬ থানা সমসেরগঞ্জ মৌজে আলমসাহী দিং ৬৩ শতকের কাত ৪৲ আঃ ১৫৲ থং ৯২।৩৮

৫৫ থাং ডিঃ নবনীধর ভট্টাচার্য্য দিং দেং হরিপদ সাহা দাবি ২৫৶৯ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ৯৪ শতকের কাত ২॥০ আঃ ৫৲ থং ৩৬১ রায়ত স্থিতিবান।

---

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
## *নিলামের দিন ১৪ই জুন ১৯৫৪*

১৯৫৩ সালের ডিক্রীজারী

৩৬৪ থাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দিং দেং শিবপদ মুখোপাধ্যায় দিং দাবি ১০২৮৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাইদ্ধ্যা ৩.২৭ শতকের কাত ১৬/৫ আঃ ৫০৲ থং ৩৩২

৬১১ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং রামপ্রসাদ ঘোষাল দাবি ৩৫।৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ১-১১ শতকের কাত ৪॥/৬ আঃ ৯০৲ থং ২৬

২১৯ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং সুরেন্দ্রনারায়ণ সরকার দিং দাবি ৫৩॥/৩ থানা সুতী মৌজে হাজিপুর ৪-৬২ শতকের কাত ৮॥৵০ মধ্যে নিজাংশে ১।৶০ আঃ ১০৲

১৯৫৪ সালের ডিক্রীজারী

৬৮ থাং ডিঃ বিবি বিবিজান নেসা দিং দেং গোবিন্দলাল মণ্ডল দিং দাবি ২৮/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ২৩ শতকের কাত ৩॥০ আঃ ১০৲ থং ৭৫ কোর্ফা স্বত্ব।

১২৪ থাং ডিঃ অচলাবালা দেবী দেং আলিমান বেওয়া দাবি ৪১।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সুজাপুর ৩৯ শতকের কাত ৬/৬ আঃ ১৫৲ থং ৮৯

৫৩ থাং ডিঃ সীমা দেবী দেং মহম্মদ খলিল দিং দাবি ৮৯।/৩ থানা সুতি মৌজে বংশবাটী ৩-০২ শতকের কাত ১২৵৯ আঃ ২৫৲ থং ১৯৬৩

১৩৬ থাং ডিঃ অন্নপূর্ণা রায় দেং সরোজিনী সরকার দাবি ১৩৪/৩ থানা সুতি মৌজে গোপাল-নগর ৩-৮৫ শতকের কাত ২২।০ আঃ ৫০৲ থং ২০৩ রায়ত স্থিতিবান।

১২৭ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচি দিং দেং কেদারনাথ বারিক দাবি ৪৯৮৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাদিকোলা ২-২০ শতকের কাত ৯৮৵৩ আঃ ১৫৲ থং ৬৮, ৬৯, ৭০, ৭১ রায়ত স্থিতিবান।

৩ মনি ডিঃ বলরাম দাস দেং অণিমারাণী ঘোষ দাবি ৪০৮৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ৩-০৬ শতক মধ্যে ১-০২ শতকের কাত ১২।০ হারা-হারিমতে ৪৲ আঃ ১০০৲ থং ২০ রায়ত স্থিতিবান।

---

## *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*
## *নিলামের দিন ২১শে জুন ১৯৫৪*

১৯১৪ সালের ডিক্রীজারী

৮৫ থাং মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং সোলেমান সেখ দিং দাবি ২২৮৵৩ থানা ফরাক্কা মৌজে বাহাদুরপুর ১-০২ শতকের কাত ২॥০ আঃ ১০৲

---


## *বসত বাড়ী নির্ম্মাণের উপযোগী জমি বন্দোবস্ত*


জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির অন্তর্গত দেওয়ানী আদালতের উত্তরে কতকাংশ জমি বন্দোবস্ত হইয়াছে। বাকী অংশ বন্দোবস্ত হইবে। নিম্নে অনুসন্ধান করুন। শ্রীবঙ্কিমচন্দ্র নাথ

পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


---


## অপেরীণ

—•—




ডাক্তার বি. এন. রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে না কো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে!
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ ( কলকাতা ) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।

## ঢাকায়

### বর্দ্ধমান হাউসে বাঙলা ভাষার গবেষণাগার

শিক্ষামন্ত্রী জনাব সৈয়দ আজিজুল হকের নির্দ্দেশ-ক্রমে শিক্ষা বিভাগের ডেপুটি সেক্রেটারী ঢাকাস্থ বর্দ্ধমান হাউসকে বাঙলা ভাষার গবেষণাগারে পরিণত করার জন্য একটি পরিকল্পনা প্রণয়ন করিয়াছেন। প্রকাশ এই পরিকল্পনা কার্য্যকরী করিতে ৬ লক্ষ টাকা ব্যয় হইবে। বাঙলা ভাষা বিরোধী মোসলেম লীগের বুলেটের জবাব যুক্ত ফ্রন্ট দল ব্যালটে দিয়া বর্দ্ধমান মহারাজাধিরাজের ঢাকার প্রাসাদ বর্দ্ধমান হাউসের সদ্ব্যবহার করিলেন।

## বর্দ্ধমানে

### মহারাজাধিরাজের গোলাপবাগ নামক চিড়িয়াখানা বাড়ীতে বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস সম্মেলন

শ্রীহরেকৃষ্ণ মহাতাবের সভাপতিত্বে বর্দ্ধমানের মহারাজাধিরাজের প্রাক্তন চিড়িয়াখানা গোলাপবাগে [বঙ্গ]ীয় প্রাদেশিক কংগ্রেসের অধিবেশন হইবে। যেখানে সিংহ, ব্যাঘ্র, ভল্লুকাদি জীব রাখা হইত সেই গোলাপবাগ কংগ্রেসের বিক্রমকেশরী, নর-শার্দ্দুল প্রভৃতির পদধূলিতে ধন্য হইবে। গোলাপ-বাগের অদৃষ্ট না কংগ্রেসের ভাগ্য কে বলিবে? ইহার দ্বারা কি ভবিষ্যৎ সূচনা করে তাহা ভবিতব্যই জানেন।

---

মুর্শিদাবাদ জেলার আইন ব্যবসায়ে রত আইন-জীবীদের নিকট হইতে একীভূত সরকারী ফৌজদারী ও দেওয়ানী উকীলের পদের জন্য দরখাস্ত আহ্বান করা যাইতেছে। বয়স, যোগ্যতা ও কতদিন আইন ব্যবসায়ে রত আছেন তাহার উল্লেখসহ দরখাস্ত বহরমপুরে মুর্শিদাবাদের শাসক-সমাহর্ত্তার নিকট ১৯৫৪ সালের ৩০শে এপ্রিলের ভিতর অবশ্যই পৌঁছা চাই। সকল ক্ষেত্রেই বয়সের প্রমাণসূচক দলিলাদির সহিত প্রশংসাপত্র, প্রমাণপত্র ও প্রার্থী অন্য যে সকল কাগজপত্র বিবেচনার জন্য পাঠাইতে চাহেন তৎসমুদয়ের প্রমাণিত নকল অবশ্যই দাখিল করিতে হইবে।

সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, বহরমপুর, মুর্শিদাবাদ, জানাইতেছেন যে, নিম্নলিখিত স্থায়ী পথসমূহ সম্পর্কে রুট পারমিট প্রার্থনা করিয়া যাঁহারা আবেদন করিয়াছেন যথাসম্ভব বিস্তারিত বিবরণসহ তাঁহাদের তালিকা উল্লিখিত অফিসে পরিদর্শনের জন্য পাওয়া যাইতে পারে :—

(১) ধুবুলিয়া হইয়া বহরমপুর, কৃষ্ণনগর, যাত্রীবাহী বাসের ( ষ্টেজ ক্যারেজের ) জন্য ; (২) কান্দি হইয়া বহরমপুর-বীরভূম ( আন্তরাঞ্চলিক ), মালবাহী লরীর ( পাবলিক ক্যারিয়ারের ) জন্য। ইহা সম্পর্কে কাহারও কোন আপত্তি থাকিলে তাহা এই নোটিস প্রকাশের তারিখ হইতে ৩০ দিনের মধ্যে অবশ্যই উক্ত কর্ম্মচারীর নিকট দাখিল করিতে হইবে।

---

### বহরমপুরে নূতন প্রসূতি-সদন

সরকার কর্ত্তৃক প্রয়োজনীয় ব্যয় অনুমোদন

পশ্চিমবঙ্গ সরকার বহরমপুরে একটি প্রসূতি-সদন স্থাপন অনুমোদন করিয়াছেন। ইহাতে শয্যা থাকিবে ৫৬টি ও ইহা বহরমপুর সদর হাসপাতালের সহিত যুক্ত থাকিবে। এ সম্পর্কে যে সাজসরঞ্জাম ও কর্মচারী দরকার হইবে তাহার ব্যয় নির্বাহার্থ এক-কালীন ও বাৎসরিক ব্যয়ও মঞ্জুর করা হইয়াছে।

---

### দিন দুপুরে চুরি

রঘুনাথগঞ্জ চাউলপটির চাউল ব্যবসায়ী শ্রীরাধা-কান্ত সিংহ মহাশয় দুপুরে তাঁহার সদর রাস্তার পার্শ্বে অবস্থিত আড়ত ঘরে তালা বন্ধ করিয়া স্নানাহার করিতে বাসায় গিয়াছিলেন। ইত্যবসরে উক্ত ঘরের তালা খুলিয়া ঘরের মধ্যস্থিত তালাবদ্ধ কাঠের বাক্স ভাঙ্গিয়া প্রায় ৯৫০৲ টাকা লইয়া কে বা কাহারা চম্পট দিয়াছে। দিন দুপুরে এই প্রকারের চুরি আশঙ্কাজনক। পুলিশ তদন্ত চলিতেছে।

---

### ভীষণ অগ্নিকাণ্ড

গত ২৭শে চৈত্র শনিবার রাত্রে সাগরদীঘি থানার ৬নং বালিয়া ইউনিয়নের পিল্‌কী গ্রামে আগুন লাগার ফলে ২৭টী হিন্দু গৃহস্থ সর্ব্বস্বান্ত হইয়াছে। প্রচণ্ড গ্রীষ্মে গৃহহীন হওয়া কি কষ্টকর তাহা ভুক্তভোগীরাই জানেন।

---

### প্রাথমিক বিদ্যালয়ের গৃহনির্ম্মাণকল্পে দান

সাগরদীঘি থানার ৮নং মোড়গ্রাম ইউনিয়নের অধীন পাউলী গ্রামের ধর্ম্মপ্রাণ, বিদ্যোৎসাহী, দানবীর একান্ত দেশসেবক জনাব হাজি ডাক্তার মহাম্মদ সাথাওয়াৎ হোসেন সাহেব পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুসারে পাউলী ফ্রি বোর্ড প্রাথমিক বিদ্যালয়ের গৃহনির্ম্মাণ কার্য্যে সাধারণের দেয় ২০১০৲ টাকা স্বোপার্জ্জিত অর্থ হইতে এককালীন দান করিলেন। এই দান তাঁহার স্বেচ্ছাপ্রণোদিত ও শুভেচ্ছাপূর্ণ।

তাঁহার মত দানবীরের এই দানে জনসাধারণ কৃতজ্ঞ। এই কার্য্যের স্মৃতিরক্ষার জন্য উল্লিখিত স্কুল পাউলী সাথাওয়াৎ মেমোরিয়াল ফ্রি বোর্ড প্রাইমারী স্কুল নামে অভিহিত হইবে।

তিনি মোহাম্মদীয় শারার বিধানমতে সন ১৩৫৪ সালে তাঁহার যাবতীয় সম্পত্তি ৩ পুত্র ও ৫ কন্যাকে দান করিয়া দিয়াছেন। তিনি এ বৎসর হজ্জ ব্রত সমাপন করিয়া ফিরিয়াছেন। তাঁহার দীর্ঘজীবন কামনা করি। সংবাদদাতা


---

## নোটিস

—০—

আগামী ২০।৪।৫৪ তারিখে দেওয়ানী আদালত কম্পাউণ্ডের কোন নির্দ্দিষ্ট স্থানে হিন্দু ও মুসলিম চায়ের ষ্টল দেওয়ার জন্য ৩১।৩।৫৫ তারিখ পর্য্যন্ত এক বৎসরের মেয়াদে প্রকাশ্য ডাকে লিজ দেওয়া হইবে। সর্ব্বোচ্চ ডাককারীর ডাক জেলার জজ সাহেব বাহাদুর কর্ত্তৃক মঞ্জুর হইলে ডাকের টাকা অত্র আদালতে জমা দিতে হইবে।

By order of the Court
M. N. Roy
Sheristadar Munsif's 1st Court,
Jangipur.





**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন"   টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়:—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১/৹ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

*বিশ্বস্ত প্রতিষ্ঠান*

**চা-সংসদে**

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং **চা** এবং আসাম ও ডুয়ার্সের ভাল **চা** ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

**চা-সংসদ**   রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।